আলমডাঙ্গার পাঁচলিয়ায় গলাঁয় ফাঁস লাগিয়ে নারীর আত্ন*হত্যা

আলমডাঙ্গার পাঁচলিয়া গ্রামে ডলি খাতুন (৪২) নামের এক গৃহবধু গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। প্রচন্ড অনলাইন জুয়ায় আসক্ত ছেলেকে শাসন না করায় স্বামীর উপর অভিমান করে গৃহবধু আত্মহত্যা করেছেন বলে গ্রামবাসী জানিয়েছেন।

আজ রবিবার দুপুরের দিকে জামজামি ইউনিয়নের বিল পাঁচলিয়া গ্রামের এ ঘটনা ঘটে। নিহত ডলি খাতুন পাঁচলিয়া গ্রামের গোলাম রসুলের স্ত্রী ও দুই সন্তানের জননী।

স্থানীয়রা জানান, গোলাম রসুলের স্ত্রী ডলি খাতুনের দীর্ঘদিন সাংসারিক ঝামেলা চলে আসছে। স্বামী ঢাকায় থাকেন। বাপের অবর্তমানে একমাত্র ছেলে বখে যায়। নেশাসক্ত ও অনলাইন জুয়ায় আসক্ত হয়ে পড়ে। স্বামী ঈদে বাড়ি আসলে এ নিয়ে বিতন্ডা হয় স্বামী স্ত্রীর মধ্যে। ছেলেকে শাসন না করে গোলাম রসুল ঢাকাতে ফিরতে চাইলে স্ত্রীর সাথে বিরোধ বাঁধে। বিরোধ নিয়েই শনিবার দিনগত রাতে স্বামী স্ত্রীতে বেডে যান। ভোর রাতে কোন এক সময় স্ত্রী ঘর থেকে বের হয়ে পুকুর পাড়ে অবস্থিত মুরগির সেডে গিয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেন।

দুপুরে মাঠ থেকে ফেরার সময় গ্রামের কয়েকজন ডলি খাতুনের লাশ ঝুলতে দেখেন।

খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশে পৌছে সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে। পরে লাশ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।